



১৪ অক্টোবর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর প্রয়োগে সংশ্লিষ্ট সকলকে আরও সক্রিয় হওয়া প্রয়োজন -
প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ : ব্যবহারিক নির্দেশিকা এবং ডিপিওদের অ্যাডভোকেসি হ্যান্ডবুক
বিষয়ক দুইটি বই এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বক্তারা

প্রতিবন্ধী ব্যক্তিদেরকে অন্য সকলের সাথে সমানভাবে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দিতে হবে, প্রতিবন্ধকতা বিষয়ে শব্দ চয়নে সকলকে সচেতন হতে হবে পাশাপাশি সকল অবকাঠামোসমূহ প্রতিবন্ধী ব্যক্তি বান্ধব হতে হবে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি নাইমা হায়দার এ কথা বলেন। তিনি আরও বলেন, প্রতিটি আদালতে র‍্যাম্প, লিফট ও প্রতিবন্ধী ব্যক্তি বান্ধব টয়লেট স্থাপন প্রয়োজন। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এ স্বীকৃত কোন আইনগত অধিকার লঙ্ঘিত হলে তার জন্য যথাযথ আদালতে মামলা দায়ের প্রয়োজন এবং এর প্রয়োগে আমাদের আরো সক্রিয় হতে হবে। আন্তর্জাতিক টেকসই উন্নয়ন এর লক্ষ্যমাত্রা ১১(২) ও ১১(৭) এর বিষয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকারের কথা বলা হয়েছে তার বাস্তবায়ন করা প্রয়োজন।

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা নিশ্চিত করার উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের আর্থিক সহায়তায় বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), ন্যাশনাল গ্র্যাসরুট ডিসেবিলিটি অর্গানাইজেশন (এনজিডিও) এবং ন্যাশনাল কাউন্সিল অফ ডিসেবল উইমেন (এনসিডিডব্লিউ) অংশীদারিত্বে ব্লু ল' ইন্টারন্যাশনাল ইউএসএআইডি'র এক্সপার্ট প্যাট্রিসি়া পিপিএল উইথ ডিজএবিলিটি (ইপিডি) প্রোগ্রাম"-এর আওতায় ১৪ অক্টোবর ২০১৮ তারিখ হোটেল লেক ক্যাসেল ঢাকায় "প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ : ব্যবহারিক নির্দেশিকা এবং ডিপিওদের অ্যাডভোকেসি হ্যান্ডবুক" বিষয়ক দুইটি বই এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান আয়োজন করে। ব্লাস্টের মুখ্য আইন উপদেষ্টা ও মহামান্য হাইকোর্টের আপীল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মো: নিজামুল হক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় মানবাধিকার কমিশন এর সদস্য এবং রিসার্চ ইনিশিয়েটিভ বাংলাদেশ (রিব্)এর নির্বাহী পরিচালক ড. মেঘনা গুহঠাকুরতা ও জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার পরিচালক ও সিনিয়র জেলা জজ মো: জাফরুল হাসান। ড. মেঘনা গুহঠাকুরতা বলেন, শুধু প্রতিবন্ধী ব্যক্তিই নয়, সাধারণ মানুষদেরকেও প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকারে জন্য কাজ করতে হবে এবং অধিকার আদায়ে কথা বলতে হবে। জনাব মো: জাফরুল হাসান বলেন, প্রতিবন্ধী ব্যক্তিসহ সকলের আইনসহায়তা নিশ্চিত করার জন্য জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা কর্তৃক একটি হটলাইন নাম্বার (১৬৪৩০) চালু করা হয়েছে। পাশাপাশি প্রতিটি জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিসরে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য যে কমিটি গঠনের কথা বলা হয়েছে তা সক্রিয় করা প্রয়োজন।

ব্লাস্ট-এর এডভোকেসি উপদেষ্টা এডভোকেট তাজুল ইসলাম-এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্যানেল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইপসার ডিজ্যাবিলিটি প্রোগ্রাম এর টীম লিডার ভাস্কর ভট্টাচার্য, এসডিএসএল এর সভাপতি ওসমান খালেদ; ন্যাশনাল কাউন্সিল অফ ডিসেবল উইমেন (এনসিডিডব্লিউ) এর সভাপতি নাসিমা আক্তার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জাতীয় তৃণমূল প্রতিবন্ধী সংস্থা এর সভাপতি আব্দুল হাই মন্ডল। এছাড়া ফিলিপ ক্লার্ক, উপ-পরিচালক, ডেমোক্রেসি ইউএসএআইডি'র এক্সপার্ট প্যাট্রিসি়া পিপিএল উইথ ডিজএবিলিটি (ইপিডি) প্রোগ্রাম"-এর আওতায় প্রতিবন্ধী ব্যক্তিদের পাঠযোগ্য ফরম্যাটে এই নির্দেশিকা এবং হ্যান্ডবুক তৈরী করা হয়েছে। এ প্রকাশনাসমূহ মানবাধিকার কর্মী, প্রতিবন্ধী ব্যক্তি এবং ডিপিওসহ সকল শ্রেণী-পেশার মানুষের মাঝে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি করবে এবং বাংলাদেশের ১৬% নাগরিকের অধিকার প্রতিষ্ঠায় বলীষ্ঠ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা যায়।

অনুষ্ঠানের মূল বক্তব্যে জনাব হেজি স্মিথ বলেন, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ আইন এর সঠিক বাস্তবায়ন হচ্ছে না এবং আইনের কিছু দুর্বলতা রয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার রক্ষা নিশ্চিত করার দায়িত্ব পরিবার হতে শুরু করতে হবে। বাংলাদেশের প্রতিটি জেলায় সকল শিক্ষিত-অশিক্ষিত ব্যক্তিও যেন এই আইন সম্পর্কে জানতে পারে সে ব্যবস্থা করতে হবে। তিনি প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ বিষয়ক ব্যবহারিক নির্দেশিকা এবং ডিপিওদের অ্যাডভোকেসি হ্যান্ডবুক সহ ইপিডি প্রকল্পের আওতায় দৃষ্টি, শ্রবণ ও বাক প্রতিবন্ধী ব্যক্তি সহ সকল ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের ব্যবহার উপযোগী পদ্ধতিতে প্রকাশিত পাঠ-সামগ্রী সম্পর্কে মূল বক্তব্য উপস্থাপন করেন।

প্রেসপট:

বাংলাদেশ জাতিসংঘের প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক সনদ (সিআরপিডি)-এর পক্ষরাষ্ট্র হিসেবে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ প্রণয়ন করেছে। আইনটি বাস্তবায়নের লক্ষ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের আর্থিক সহায়তায় বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), ন্যাশনাল গ্র্যাসরুট ডিসেবিলিটি অর্গানাইজেশন (এনজিডিও) এবং ন্যাশনাল কাউন্সিল অফ ডিসেবল উইমেন (এনসিডিডব্লিউ) অংশীদারিত্বে ব্লু ল' ইন্টারন্যাশনাল ইউএসএআইডি'র এক্সপার্ট প্যাট্রিসি়া পিপিএল উইথ ডিজএবিলিটি (ইপিডি) প্রোগ্রাম"-এর আওতায় প্রতিবন্ধী ব্যক্তিদের পাঠযোগ্য ফরম্যাটে এই নির্দেশিকা এবং হ্যান্ডবুক তৈরী করা হয়েছে। এ প্রকাশনাসমূহ মানবাধিকার কর্মী, প্রতিবন্ধী ব্যক্তি এবং ডিপিওসহ সকল শ্রেণী-পেশার মানুষের মাঝে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি করবে এবং বাংলাদেশের ১৬% নাগরিকের অধিকার প্রতিষ্ঠায় বলীষ্ঠ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা যায়।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার, উপ- পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ইমেইল- mahbuba@blast.org.bd